সমকাল

তারিখ 04 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

### তৃতীয় বর্ষের সম্মান পরীক্ষা

# সময়সূচি পরিবর্তনের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

■ **সমকাল ডেস্ক**

জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত সম্মান তৃতীয় বর্ষের সমাপনী পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবিতে গতকাল রোববার মানববন্ধন করেছেন পটুয়াখালী ও নোয়াখালীর শিক্ষার্থীরা। এ সময় শিক্ষার্থীরা সিলেবাস শেষ না করে সেশনজট দূরীকরণের নামে হয়রানি বন্ধের দাবি জানান। এ ছাড়া অবিলম্বে সদ্য ঘোষিত পরীক্ষার সময় সূচি পরিবর্তন না করলে রাজপথে বড় ধরনের আন্দোলন কর্মসূচির হুমকি দেন তারা। প্রতিনিধি ও সংবাদদাতার পাঠানো খবর :

**মুন্সীগঞ্জ** : অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষা পেছানোর দাবিতে মুন্সীগঞ্জ সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থীরা রোববার বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন। পরে মুন্সীগঞ্জ প্রেস ক্লাবের সামনে জুবলি রোডে মানববন্ধন করেন। এ সময় উপস্থিত ছিলেন সোহেল ভূঁইয়া, আল-আমিন খান সাগর, আশ্রাফুল ইসলাম, সাইফুল ইসলাম, শাকিল আহমেদ প্রমুখ।

**নোয়াখালী** : নোয়াখালী সরকারি কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। নোয়াখালী প্রেস ক্লাব চত্বরে অনুষ্ঠিত ঘণ্টাব্যাপী মানববন্ধনে বিভিন্ন বিভাগের ৫ শতাধিক পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এ সময় বক্তব্য রাখেন জহিরুল ইসলাম, সুলতানা কবির এ্যানি, আমির হোসেন, শান্তা রায়, মাহিমা আফরোজ, নাহিদা সুলতানা, নেয়ামুল হক, রাসেল, শারমিন আক্তার ও শরিফুল ইসলাম।

**পটুয়াখালী** : মানববন্ধনে পটুয়াখালী সরকারি কলেজের বিভিন্ন বিষয়ের অনার্সের ১৬টি বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

**নাটোর** : নাটোরের নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজে সকালে অনার্স তৃতীয় বর্ষের সব বিভাগের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে রাস্তায় নেমে আসেন। এ সময় শিক্ষার্থীরা নাটোর-রাজশাহী মহাসড়কে যান চলাচল বন্ধ করে ৩০ মিনিট মানববন্ধন করেন।

**ফরিদপুর** : ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজের ২১টি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা মানববন্ধন করেন। আধা ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে গণিত বিভাগের শিক্ষার্থী এহসানুল হক, ব্যবস্থাপনা বিভাগের সাজ্জাদুল ইসলাম, অর্থনীতি বিভাগের সুকান্ত বিশ্বাস ও মিতা পাল বক্তব্য রাখেন।

**সিলেট** : লামাবাজারে কলেজের সামনে মদন মোহন কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন করেন। এ সময় শিক্ষার্থী সুলতান মাহমুদের সভাপতিত্বে ও কামরুজ্জামান রুমানের পরিচালনায় বক্তব্য রাখেন রকি দেব, সুয়েব আহমদ, ছায়াদ তালুকদার আকাশ, হোসেন আহমদ প্রমুখ।